তৃতীয় সংখ্যা ● আশ্বিন ১৪২২


বাংলায় ব্যার্থ চেষ্টা
টিনটিন দ্যা গ্রেট
অন্ধকারের দূত
যে সি মেজিয়েরেস এবং পি ক্রিস্টিন

হয়ত আজ থেকে বহু বছর আগে মহাশূন্যের কোথাও কোন প্রাণের স্পন্দন ছিল না .....

কিন্তু আস্তে আস্তে সভ্যতার পদচিহ্ন এই সুবিশাল মহাশুন্যর চারিদিকে ছড়িয়ে পড়ল .....

...এই সমস্ত সভ্যতার কথা মনে রাখা বেশ কষ্টসাধ্য ... বিশেষ করে যে সব সভ্যতার আবাসস্থল কয়েক শতাব্দী ধরে মৃত !



তবে যেখানেই প্রানের উদ্ভব ও বিকাশ হয়েছে সেখানেই সভ্যতা সবসময় এই গভীর বিশাল মহাকাশকে জয় করতে চেয়েছে !

বেশীরভাগ দিশাহীন অভিযানই কোন প্রতিরোধের সম্মুখীন হয় না .....

... আবার বেশকিছু অভিযান কল্পনাতীত অদ্ভুত সব মহাজাগতিক বস্তুর মুখোমুখি হয় .....

..... কে কখন অপ্রত্যাশিত বিপদের সামনে পড়বে বলা মুশকিল .....

এইরকম আবহে একদিন মহাকাশের সবথেকে ব্যস্ততম পথে "পয়েন্ট সেন্ট্রাল" এর প্রথম কুঠুরি স্থাপিত হোল ... সবার অলক্ষ্যে ...

এই প্রথম কুঠুরিকে কেন্দ্র করে ধীরে ধীরে আরো কুঠুরি তৈরি হতে লাগল
বিভিন্ন সংস্কৃতির প্রজাতিরা তাদের সাক্ষাতস্থল হিসাবে এই পয়েন্ট সেন্ট্রালকেই বেছে নিল !
3A
অনেক প্রজাতিই সঙ্গে করে তাদের পুরো পৃথিবীকে নিয়ে আসতো !
আর এভাবেই অল্প অল্প করে বিভিন্ন প্রজাতি এসে এখানে অঙ্গিভূত হয়ে তৈরি হ'ল আজকের পয়েন্ট সেন্ট্রাল
3B

পয়েন্ট সেন্ট্রাল
এই ছায়াপথের প্রতিটা কোনায়, প্রত্যেক প্রজাতির সদস্যের মুখে মুখে যার নাম ! বিশালাকার কৃত্রিম সব ইমারত, শেষ দেখা যায় না এইরকম সব বন্দর ! এই মহাকাশের জীব বৈচিত্র্যর এক অদ্ভুত বিস্ময়কর সমাহার !
MEZIERES
4

অভ্যন্তরে বিভিন্নরকম আবহমণ্ডল আর অভিকর্ষজ ক্ষেত্র কৃত্রিমভাবে প্রস্তুত যা পরস্পরের সাথে বিশেষরূপে তৈরি দেওয়াল দিয়ে আলাদা ! যাতে নানা প্রজাতি যাদের বিন্দুমাত্র মিল নেই পাশাপাশি সহাবস্থান করতে পারে ! যেমন -"রুড়" স্বাভাবিক গণতন্ত্র ! যাদের শরীর থেকে এমন তরল পদার্থ নির্গত হয় যা অন্যদের কাছে বিষ !

... মার্কামাস প্রাণঘাতী তেজস্ক্রিয়তার জন্য যাদের সবাই ভয় পায় ! আবার মনোবিদ হিসাবে যাদের দক্ষতা মহাবিশ্বের প্রত্যেক প্রান্তে স্বীকৃত !

পুলপিসমস হাতের সূক্ষ কাজের জন্য যাদের প্রত্যেক কুঠুরিতে কদর !

ট্যাগ্লিয়ান ধর্মীয় যে কোন বিবাদ বিতর্ক মীমাংসা করার জন্য সুবিদিত !

কিন্তু এখানে কোন কেন্দ্রীয় কতৃপক্ষ নেই ! মহাকাশের বিভিন্ন প্রজাতির দূতরা কাউন্সিলের সভায় সভাপতিত্ব করেন ! এক বিশাল কক্ষে দৈত্যাকার এক পর্দার মাধ্যমে তার বক্তব্য বাকি সব কুঠুরিতে ছড়িয়েযায় ! আর এইখান থেকেই শুরু হয় সব মহাজাগতিক দ্বন্দ্বের !



আমরা পয়েন্ট সেন্ট্রালে পৌঁছে গেছি!
এইবারে আমরা অবতারণ করব!
না!
আগে আমার কেবিনে এসে আমার সাথে দেখা কর এখনই!
কিন্তু!
এক্ষুনি!
বটে! গোটা যাত্রাপথে এইপ্রথম আমাদের সাথে কথা বলল! আর তাও অভদ্রভাবে! ভদ্রতাশেখাচ্ছি!
বলুন কী বলছেন?
শান্ত হও লরে-লাইন!

ভেবো না ভ্যালেরিয়ন ! তোমাদের দক্ষতা সম্পর্কে আমার ধারনা আছে ! আর তোমাদের পছন্দ করেছি ব্যক্তিগত পছন্দ থেকে নয় !
যেহেতু তোমরা ভিনগ্রহীদের চরিত্র আর কর্মপদ্ধাতর সাথে সুপরিচিত তাই তোমাদের বাছা হয়েছে !
তোমরা নিশ্চই যান যে এই প্রথম আমাদের পালা এসেছে পয়েন্ট সেন্ট্রালের কাউন্সিলের সভায় সভাপতিত্ব করার জন্য ! তোমরা এটাও যান যে মহাকাশের প্রশাসনে কিরকম নৈরাজ্য আর বিশৃংখলা চলছে ! এই পরিস্থিতি আর বরদাস্ত করা যাবে না ! একদম মূলেই প্রথম আঘাত করতে হবে !
কী বলতে চান আপনি ?
রওনা হবার আগে কেউ তো বলেনি ?
বলার কোন প্রয়োজন মনে করা হয় নি ! আমি আমি তোমাদের মনে করিয়ে দিতে চাই যে তোমরা আমার সাথে শুধুমাত্র দেহরক্ষী হিসাবে যাচ্ছ !
ওঃ তাই ?! তাহলে আমি আমার বন্দুক নিয়ে আপনার মহামূল্য শরীরকে রক্ষা করছি ! শুধু ভাষণ শুনে কী করব?
দাঁড়াও!
ইয়ে ..... আমি তো শুনছি !
যাকগে যা বলছিলাম ! এই অবস্থায় শান্তিতে বানিজ্য করা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে ! মহাকশের সব রাস্তাই বিপদসঙ্কুল হয়ে গেছে ! এইসব শয়তানদের শিক্ষা দিতে পৃথিবীকেই সামনে এগিয়ে আসতে হবে ! আর আমরাই শুরু করবো এক নতুন সকাল !
আমাদের প্রযুক্তির ক্ষমতার জন্য আমরা তর্কাতিতভাবে সর্বস্তোম আর এখন এক মহাজাগতিক অক্ষ তৈরি করে আমরা একে নিয়ন্ত্রণ করবো নেতা হিসেবে !
... পুলিশ দিয়ে ??
আরে না না ! অনেকেই নিজের অজান্তেই চায় যে এবার পৃথিবী কোন পদক্ষেপ নিক !
অজান্তে !! ফুঃ ...
এটা বেশ কঠিন কাজ ! যদিও আমাদের কিছু সাথী আছে ..... আর ..... ইয়ে কিছু বহির্জাগতিক সম্পদও !

কাউন্সিলের সভা শুরু হবার আগে আমাদের অনেক কাজ আছে ! তোমার কাজ হচ্ছে আমার সাথে ছায়ার মতো লেগে থাকা ! আমাদের বিপক্ষে যা কিছু আছে তাকে আমাদের দিকে নিয়ে আসতে হবে তাই একটু দৌড়ঝাঁপ করতে হবে !
আর তোমার কাজ হচ্ছে আমাদের গোপন অর্থভান্ডার রক্ষা করা ! বিশাল পরিমান অর্থ ..... মানে বলতে চাইছি .....
?
গররর
গ্রাম্পি ! ব্লুক্সেটের পরিবর্তনকারী!
কী মিষ্টি !
আমি এই প্রথম এত কাছ থেকে দেখছি !
তাতে অবাক হবার কিছু নেই ! এই প্রাণীটা শুধু পারমাণবিক শক্তি উৎপাদন করতে পারে না তার সাথে প্রচন্ড ধূর্তও ! একে আনতে আমাদের ১০টা মহাজাগ--তিক অভিযানের অর্থ ব্যয় হয়েছে ! অবশ্য এ সেটা পুষিয়ে দেবার ক্ষমতা রাখে !
এ আমাদের এক মূল্যবান সম্পদ ! পয়েন্ট সেন্ট্রালে কোন নির্দিস্ট মুদ্রা নেই ! সেখানে এই আমাদের জন্য উপযুক্ত !
মূল্যবান ! এটাই সঠিক শব্দ ! তাই না মিঃ গ্রাম্পি ?
গরর
ফুঃ!
আমরা একে ধরার পর আমাদের প্রাণীমনবিদরা একে পর্যবেক্ষন করেছে ! এখন থেকে এ তোমার কথাই শুনবে ! তবে খেয়াল রাখবে অতিরিক্ত সম্পদ এর কাছ থেকে নিলে শক্তিক্ষয়ের জন্য মরে যেতে পারে ! তুমি নিজের জীবন দিয়ে একে রক্ষা করবে !
বুঃহ!
আর কোন কথা নয় ! লরেলাইন দয়া করে !! আমরা এবার টেরান কুঠুরিতে নামব !
গররর!
এই চলো ভেতরে যাও !
আরে ! তুমি কী আমাকে কামড়াবে নাকি ?
গ্যালাক্সিটি আমাদের যা-তা করে দিল এই দুজনকে দিয়ে ! শেষে কিনা আমি সোনার ডিম পাড়া হাঁসের কুলি ! দেহরক্ষী !
হুম ! ওদের সাথে একসাথে কাজ করা অসুবিধাই বটে ! কিন্তু কোন উপায় তো নেই ! আর তোমারই বা দূতের ওপর অত কর্কশ হবার কী দরকার ছিল ! লোকটা ওপরে কাঠখোট্টা হলেও মনের দিক থেকে বেজায় নরম !
জলদি কর ! পৃথিবীর প্রতিনিধিরা আমাকে অভ্যর্থনা জানানোর জন্য দাঁড়িয়ে আছে ও হ্যাঁ তোমরা আমার থেকে পাঁচ পা পেছনে থাকবে ! আমি যে উচ্চস্তরের লোক সেটা বোঝাতে হবে তো !
তাই বুঝি ?



প্রিয় সাথীরা .....
সসস
সসস

হেলমেট পড় !!
বাপরে !! কী জোর ঝটকা ! লরেলাইন হেলমেটটা পরেছিল তো ?!
আরে ! ওরা তো দুতকে নিয়ে যাচ্ছে !

লরেলাইনের কী হল ? আবার দূতকেও ছাড়তে পারছি না .....
#*%& কাজ !!
12A
... জেরনিমো!
কাজটা ভালো হোল না বন্ধু !
12C

আমি সব দেখেছি ! ওরা দেওয়ালে দুটো বিশাল গর্ত করেছে !
আমি পুরো মৃতদেহের মত শক্ত হয়ে গেছিলাম !
আসল দলটা এইদিক দিয়ে গেছে !
ভ্যালেরিয়ান কই ??
ওটা অবান্তর প্রশ্ন ! দস্যুরা আমাদের দূতকে ধরে নিয়ে গেছে ! এজেন্ট তো শুধু ওনাকে অনুসরণ করেছে ! ওটাই তো ওর কাজ !
অবান্তর বলতে কী বোঝাচ্ছেন শুনি?
এখনো কেউ পয়েন্ট সেন্ট্রালে আছে কিনা দেখি !
দাঁড়ান!
বুবি ট্র্যাপ ছিল !
GRRR
যাক গ্রাম্পি ঠিকঠাক আছে ! ওর মেজাজ এখনো খিঁচরে আছে দেখছি !
138

ওই রাস্তাটা দেখি!
ওই দিকেও ফাঁদ থাকতে পারে! আর ছোটাছুটি থামিয়ে আপনি কে বলুন তো?
আমি কর্ণেল ডিওল! সহসচিব-প্রোটোকল! দূতের সম্মানে যে ভোজসভার আয়োজন করা হয়েছিল আমি তার দায়িত্বে ছিলাম! ওপর থেকে আমি সব দেখেছি! মনে আমি ছাড়া আর সবাই শেষ!
নাহ! সেরকম কিছু নয়! ওরা রেশমগুটি অস্ত্র প্রয়োগ করেছে! ওক্সোস থেকে আনা... কোন ক্ষতি হবে না! ৫০ ঘন্টা আস্ফক্সিনে ডুবিয়ে রাখতে হবে! তার আগে গুটিগুলো নষ্ট করা যাবে না!
জাহাজটা কোনদিকে গেল সেটা খেয়াল করেছেন কী?
এই রে... না তো! তবে রাডারের পর্দাগুলো উপরের তলায় আছে! আমি বরং অন্য রাস্তাটা দেখি!
যান তাহলে!
ধ্রাম!
ওই রাস্তাতেও বুবি ট্র্যাপ ছিল!
তাই বুঝি...! তার মানে ওরা পুরো আটঘাট বেঁধে এসেছিল! কোন সূত্র ফেলে যায় নি! অ্যান্টি রাডার ঘড়ি ব্যবহার করে যাবার রাস্তারও কোন হদিস রেখে যায় নি!
কী ভয়ংকর বিপর্যয়!!! দূত অপহৃত!
আপনার কোন ধারনা আছে কারা এর পেছনে আছে?

নাহ ! পয়েন্ট সেন্ট্রালে হাজারের ওপর প্রজাতি আছে ! তাছাড়া আমার কাজ হচ্ছে অতিথিদের দেখভাল করা ... অভ্যর্থনার আয়োজন করা ! আমার এত সুন্দর ব্যাবস্থা ! সব মাটি !!
আমাদের পৃথিবীতে খবর দিতে হবে ! সৈন্যদল আনাতে হবে ! এখানে ... পয়েন্ট সেন্ট্রালে ...
তার ... মাঞ্চ... মানে ..... উমমম ...
বাঃ! এখানে তো এখন পুরো নৈরাজ্য ! কোন কিছু সম্পর্কে কারও কোন ধারনাই নেই ! যে যা খুশি করতে পারে ! শুধুমাত্র কাউন্সিলের হাতেই সব ক্ষমতা ! আর আমাদের দূত না থাকলে কাউন্সিল সভা কে ডাকবে ?!
উমমম... তাই বুঝি ... মাঞ্চ .....
বিজজ...
বিজজ
ওরা ফিরে এসেছে ! লুকোতে হবে !!!
তাইই ? তাহলে ওরা প্রধান দরজায় এত ভদ্রভাবে টোকা দেবে কেনো ? শুনি ? তাছারা .....
আমাদের আসার কথা ছিল .....
... আর এরা তো একদম আলাদা ! কিভাবে দরজা খুলবো সেটা বলুন তো ?
তুমি জানো এখানে কিভাবে কাজ হয় ? পয়েন্ট সেন্ট্রালে কেউ অন্যদের কুঠুরিতে যায় না ! আমরা অন্যদের সাথে পর্দার মাধ্যমে যোগাযোগ রাখি ! এটা একটা ফাঁদ হতে পারে !! তাছারা এভাবে ওদের ভেতরে আনব কিভাবে ? নিয়ম নীতি আছে ! প্রোটোকল আছে !
আপনার প্রোটোকল আপনার কাছে রাখুন !!

ইয়ে আপনারা কী পৃথিবীর প্রতিনিধি ?
ইয়ে... হ্যাঁ !
না না ...
হ্যাঁ না না ?... আমাদের কথা দেওয়া হয়েছিল ... !
তোমরা যান না আমরা কে ? আমরা সিন্ধুয ...
দূতের সাথে আমাদের সাক্ষাত করে কিছু তথ্য বিক্রি করার ছিল ..... আচ্ছা মহামান্য দূত কী এখানে নেই ?
হুমম আকর্ষণীয় তোমরা সব খবর ঠিকঠাক রাখো বলে মনে হচ্ছে না তো ?
আসলে তা নির্ভর করে ..... পয়েন্ট সেন্ট্রালে আমাদের বিশেষ খ্যাতি আছে ... আমরা অনেক কিছু এখানে দেখি আর শুনি !
আচ্ছা আমি বুঝতে পারছি! এদিকে দেখে বলতো কারা এইভাবে আঘাত করতে পারে ? ওদের দুটো করে হাত আর পা ছিল ! আর আমার ওজনের আর আকারের প্রায় তিনগুন !
16A
দশটা বেগুনী চাঁদের দিব্যি !! ওক্সোসের রেশম-গুটি ! তাও এই পয়েন্ট সেন্ট্রালে ?
আর আক্র--মনকারী ?
আহ তুমি বুঝতে পারছ না ! বড় আকৃতির দুটো করে হাত পা ওলা অনেক প্রজাতি আছে !
ভাড়াটে দল হতে পারে ! তবে প্রধান প্রজাতির লোকজন এইসব ঝুঁকির কাজ করবে বলে মনে হয় না .....
এইরকম ১০০০ টা এবেবে মুক্তো পেলে .....
১০০০ এবেবে মুক্তো ? এই তোমাদের খবরের দাম ?
যখন তোমার কাছে পরিবর্তনকারী আছে তখন তোমার এত কিপটে হবার কী দরকার ? তাছাড়া খবরের দাম তো আছে !
গরর
আমরা একাই নই যাদের কাছ থেকে তোমরা খবর পাবে ! যদিও আমরা বেশ ভালোই খবর দেব ! বিশেষ করে যখন তোমাদের দূত তার কার্যকলাপ সম্পর্কে বিশেষ কিছু জানায় নি তোমাদের !
... এই ঘটনাটি এত সাম্প্রতিক যে আমরা এখনো জানতে পারি নি যে কারা করেছে ! তবে পৃথিবীর তো আবার অনেক গোপন সঙ্গী আর ভাড়াটে আছে ! এরা সবাই সবাইকে চেনে ! এরা সম্পদের জন্য যা খুশি করতে পারে ! আজ এইদিকে কাল ওইদিকে .....
হিহি
16B

বুহহহ!
গর্ফ গর্ফ গর্ফ
আমি শুনছি
কামুনিকদের সাথে দেখা কর ওরা যদি পৃথিবীর জন্য কাজ করে তাহলে বুঝতে হবে ওদের সম্পদের খুব প্রয়োজন!
সঠিক মূল্য পেলেই ওরা মুখ খুলবে!
কিভাবে ওদের সাথে যোগাযোগ করবো?
আরো ৫০০ মুক্তো ...
পয়েন্ট সেন্ট্রালের দুষ্প্রাপ্য মানচিত্র দিচ্ছি তোমাকে ...
তোমরা তো বেশ ভালোই জোগাড়যন্ত্র নিয়ে এসেছ দেখছি ..... আর দরদামও বেশ ভালোই কর ...
কী আর বলব? আমরা খুব গরীব গ্রহ থেকে এসেছি! আর এই পয়েন্ট সেন্ট্রালে জীবন বেশ সুন্দর! আর নিজের দক্ষতা বিক্রি করার ক্ষমতা ... হেঁ হেঁ ...
কী নেবে নাকি?
৫০০ মুক্তো, বেজায় সস্তা!
কামুনিকরা এখানে থাকে!
এই দাঁড়াও ... এটা তো গোটা নয় ...
পয়েন্ট সেন্ট্রালের কোন পুরো মানচিত্র নেই!
শুভেচ্ছা রইল! যে কোন দরকারে খবর পাঠিও!
আমরাও খবরাখবর রাখব!


তোমার লজ্জা করছে না ! ওইসব কদর্য জীবগুলোর সাথে কাজ করতে ! গ্যালাক্সাটির সম্পদ এইভাবে নয়ছয় করছ ! তাছাড়াএকটা অসহায় ছোট্ট জীবের ওপর কী পরিমান ধকল যাচ্ছে বলতো? আমাদের এইমুহূর্তে পৃথিবীতে সব জানানো উচিত !
একদম নয় !
আমাকে যা বলা হয়েছে সেইভাবেই কাজ হবে !
আমি বলছি
নিজের ইচ্ছায় কোন কাজ নয় !
আমি আমার নির্দেশমত কাজ
কিন্তু ..... দূত .....
কান্না থামাও ! তোমাদের মহামান্য দূতকে আমদের খুঁজে বের করতে হবে ! আমি চললাম কামুনিকদের কাছে !
আমি ... আমিও আসছি ..... এখানে থেকেই বা কী করব ! ! কিন্তু এই চেহারা নিয়ে বাইরে যাব কীরকমভাবে !
ঠিক আছে ! তোমাকে অস্বস্তিতে ফেলতে চাই না !
হা ভগবান ! নিজের কুঠরি থেকে বেরচ্ছি!
আর ভ্যালেরিয়ান ? ও বেরোয়নি কুঠুরি থেকে ? তবে ওর প্রাণের ভয় নেই! এটাই বাঁচোয়া ! ঘটনাটি অপহরণের লক্ষ্যেই করা হয়েছে ! হত্যার জন্য নয়!
ISA
সবাই যদি নিজের কুঠরিতে থাকে তাহলে এই গলিপথগুলো কারা ব্যবহার করে ?
জুলরা... তবে ওরা কোন হিসেবের মধ্যে পড়ে না ! অনেকদিন আগে ভয়ংকর বিস্ফোরণে ওদের গ্রহ ধ্বংস হয়ে যায় ! পয়েন্ট সেন্ট্রালের রক্ষণাবেক্ষণ এর কাজ করে ওরা এখন !
আরে ওই তো ওদের একটা দল এখানে কাজ করছে !


এরা পুরোপুরি নির্বাক ! অন্যদের কাজকর্মে এদের কোন উৎসাহ নেই ! এদের সবথেকে বড় গুণ হ'ল সততা ! যা এখানে দুস্প্রাপ্য ! পর্দার ঘর আর যোগাযোগ ব্যাবস্থা ঠিকঠাক রাখাই ওদের কাজ ! আর সবথেকে কাজের কথা হচ্ছে এরাও মানুষদের মতো অক্সিজেন নিয়ে বাঁচে ! তাই এইসব গলিপথগুলো ব্যবহার করতে অসুবিধা নেই !
খুব ভালো ! আমরা এগোই !
অভিকর্ষ কুয়ো ! আমাদের অন্য স্তরে যেতে হবে !
আমি ... এর থেকে ফিরে গিয়ে কামুনাকিদের সাথে পর্দায় ডেকে পাঠানোই ভালো হবে !
উপায় নেই ! আমার পেছনে এসো !
আমি ওদের সাথে মুখোমুখি বসতে চাই !
গ্লব ..... আমি আসছি


আহ!
দাঁড়াও!
কামুনিক ?
পৃথিবীবাসি?
আমার সাথে এসো ছোট্ট মহিলা ! সুন্দর ঐতিহ্যশালী এক অভর্থ্যনা তোমার জন্য অপেক্ষা করছে !
একেবারে মধ্যযুগীয় ! পৃথিবীর মিত্রশক্তি !!
চুপ কর ! আমি জানি এরা খুব হিংস্র...
হুঃ ছোট্ট মহিলা !
অবশ্য এরা ভদ্রতা জানে !

ওখানে বসো !
বাপরে কী দৃশ্য ! সিঙ্গুজরা নির্ঘাত আমাদের আসার খবর দিয়ে এদের কাছ থেকে পয়সা নিয়েছে ! যাকগে আমি নিয়মকানুন মেনে চল্‌ব !
অনুষ্ঠান তো বেশ রোমাঞ্চকর লাগছে !
হেই !
ইইই
আআআআআ

আমাদের অতিথি!
অভিনন্দন! বালাডোর! তুমিই সেরা!
তাহলে কী জন্য এসেছ তুমি!
...ভালো প্রশ্ন!
সিঙ্গুজরা ... আমাকে বলেছে তোমাদের সাথে দেখা করতে!
বটে! তাই? পৃথিবীর সাথে আমাদের অনেকদিনের সম্পর্ক! আমরাও যোদ্ধা আর পৃথিবীও যুদ্ধ ভালোবাসে তাই আমাদের সহানুভূতি সবসময় পৃথিবীর সাথে! তবে এখন গ্যালাক্সিটির সাথে চুক্তির কথা ভুলে তোমাকে আমি এক আগ্রহজনক সুত্র দে'ব যা তোমার খুব কাজে আসবে ... অবশ্য যদি খুলের ১০০ খানা গো-বারসার্ক গুলি পাওয়া যায় ... বাকি তোমার ব্যাপার কী করবে!
হুমমম এর ব্য বস্থা করা যেতে পারে! গ্রাম্পি বাইরে এ স তোমাকে দরকার!
হেই! মাগো!
গররর
এখন বদমাশি করার সময় নয়? বোঝা গে ল?
এটা চেবাও! আর কাজ শুরু কর!
বাঃ!
আমি শুনছি!
আমার এক যোদ্ধা সুফুসে দেখে এসেছে ওখানে প্রচুর বাঙুলাইনরা জটলা করছে! বাঙুলাইনরা ঠিক যোদ্ধা নয়! ওরা আসলে অস্থিময় শক্তপোক্ত প্রাণী! ঠগ যারা যেকোন নোংরা কাজকর্ম করে থাকে! ওরা বিভিন্ন সময়ে ওক্সোসের রেশম-গুটি অস্ত্রও ব্যাবহার করেছে! নিশ্চই বুঝতে পারছ কী বলতে চাইছি?

আর্ঘ!
শুভেচ্ছা নিও ছোট্ট মহিলা
বিদায়!
এই যে শোন ঐ জিনিস চেবালেই উন্মত্ত হবার অধিকার জন্মায় না! বুঝলে? যত্তসব!
ঠাস!
ও তুমি এখানে! আচ্ছা সুফুসের নাম শুনেছ কখনও!
সুফুস!
আমি ওখানে কিছুতেই যাব না! অত্যন্ত কুরুচিপুর্ন জায়গা! আর সুফুসরা পয়েন্ট সেন্ট্রালের অস্বস্তি ... তাছাড়া অনেক দূরে ...
তাহলে তুমি জান! ঠিক আছে মানচিত্রের দরকার নেই! আমাকে ওখানে নিয়ে চল!
এতো পুরো পাগলামি!
যখন জায়গাটা অনেক দূর তখন আমাদের ঐ গাড়িটা ধার নেওয়াই ভালো! আর তুমি না যেতে চাও ... রাস্তা তো দেখাও
ওহ! আমি ভাবছিলাম এখানে সব গলিপথগুলো ফাঁকাই থাকে
সব জায়গা একরকম নয়!
এই ...... জায়গার বিশেষ সুনাম ...
দেখি তুমি ভেতরে আসো কিনা?
আমি বলছি ...

আপনি কী এতে আরো আনন্দ পাবেন ?
হুম ! সুফুসদের ব্য বসা কী তা আমি ভালোই বুঝছি !!
আপনি কী এই টিক্সিল মিষ্টিটা নেবেন .... তাহলে মুহূর্তের মধ্যে আপনার মনস্কামনা আমরা পূর্ণ করতে পারি ... যদি আপনি অনুগ্রহ করে এদিকে ...
আপনি মিষ্টিটা খেলেন না কেন ? এই প্রথম আমরা পৃথিবীর কোন মহিলাকে আমাদের এখানে পেলাম ! আমাদের কৃত্রিম পরিবেশ সৃষ্টিকারী যন্ত্র আপনার জন্য প্রাচীন পৃথিবীর মায়া তৈরি করবে! আমাদের খরিদ্দারদের সন্তুষ্ট করাই কাজ! আপনিও সন্তুষ্ট হবেন !
ভ্যালেরি--য়ান যদি দেখত .....
আঃ ! দারুণ ! কী সুন্দর !
... আমাদের অন্যতম জমকালো সাফল্য !


ইস ! আমার যদি হাতে সময় থাকতো?
25a
উমমম...
আরে আমার বন্দুকটা গে'ল কোথায় ? এই তো পেয়েছি !
... তুমি কী জানো না সুফুস নিরপেক্ষ অঞ্চলের মধ্যে পরে ?
কিছু মনে কর না! আমি মায়ার রাজ্যে সময় কাটাতে আসিনি !
এবারে ছদ্মবেশ থেকে বেরিয়ে এস !
যেরকম হুকুম তোমার !
সুপুরুষ বন্ধু! ঠিক আছে ! এবারে থামতে হবে !
কিন্তু...
25b
ওহ ! এই তাহলে সুফুসদের আসল চেহারা ! কোথায় গ্রীক দেবতা ...
সবাই যে যার নিজের চেহারায়!
আমরা যেকোন রূপ ধারন করতে পারি ! এটাই আমাদের সাফল্যর রহস্য ! আর অসন্তুষ্ট খদ্দের প্রায় দুর্লভ !
আমি অসন্তুষ্ট তাতো বলিনি ! আর তোমরা আমাকে খুশি করতেই পার যদি ...
25c

সাহায্যর জন্য কী দাম লাগবে?
আমরা সবরকম মুদ্রাই নিয়ে থাকি! আর আমাদের এখন রমরমা বাজার তাই মুদ্রার সেইরকম দরকার নেই তবে
এ তোমাদের মুদ্রার থেকেও বেশি কিছু দিতে পারে!
আমরা এর কথা শুনেছি! ইদানিং অ্যাফ্রোসিফিয়াল টিক্কিল এর দাম বাড়ায় আমদের বাজেট ঘাটতি একটু বাড়ছে!
হুমম...
আমাকে বলা হয়েছে কিছু বাঙলাইন এখানে ফুর্তি করতে জড়ো হয়েছে! আমি ওদের মধ্যে ঢুকে ওদের আলোচনা আর মতলব জানতে চাই! সেটা সম্ভব কী?
হুমম ... খুব কঠিন ..... আসলে ওরা সবসময় একসাথেই থাকে আর আর ধর্মীয় আচারের সময় একেবারেই মাত্রাজ্ঞান হারিয়ে ফেলে!
কষ্টের হলেও তোমার জন্য একটা সুযোগ আছে! ওরা দুজন পৃথিবীর প্রাণী সম্পর্কে কথা বলছিল ...
ইয়ে ... এটা যদিও খুব সোজা ... তবে আমাদের খুব একটা ইচ্ছে নেই ... আসলে আমাদের একটা সুনাম আছে সবাই আমাদের বিশ্বাস করে!
দারুণ! যা তোমার ইচ্ছে! যদি তোমার সাহসে কুলোয় তাহলে তুমি অদ্ভুত এক অভিজ্ঞতার মুখোমুখি হবে আমি তোমার অনুমতি নিয়ে তোমাকে পুরোপুরি ঢেকে ফেলবো...
দাঁড়াও আগে আমি আমার ছো ট্ট সোনাকে লুকোই!
চ কা স!
আমি তৈরি! আর মনে রাখবে কোন চালাকি নয়!
শান্ত হও! প্রিয় খদ্দের! তুমি একদম হতচকিত হয়ে যাবে!

বাঙলাইন মহিলারা খুব একটা আকর্ষণীয় নয় .....
আচ্ছা তোমার নিঃশ্বাস নিতে অসুবিধা হচ্ছে না তো ?.
না না ! আমি ঠিক আছি ! তবে খুব অদ্ভুত ! আর সময় নষ্ট নয় !
আমরা এসে গেছি!
শুনতে পেয়েছি! ঝটপট!
27A
ওদের খারাপ কাজকর্মের শেষে ওরা এখানে দিনের পর দিন কাটায় !
আর মাতাল হয়ে ওদের গল্প বুড়োর গল্প শোনে !
মজার তো ! আরও কাছে চলো!
তুমি খদ্দের ... তোমার ইচ্ছাই সব ! কিন্তু খেয়াল রাখবে চারিদিক !
ওহ আমি আরও একটু নিরিবিলি দরজা খুঁজছিলাম !
সুন্দরী এসো
আমার সাথে পান কর !
গল্প বুড়ো গল্প শুরু করেছে !
শশশশ চুপ !
আমাদের সুন্দর গ্রহের কাছে ... শুনতে পাচ্ছি কিন্তু দেখতে পাচ্ছি না ...
আমাদের মহান রানী তাদের জন্য অপেক্ষা করে আছে ..... ঐ তো মাটি দেখতে পাচ্ছি !

ওরা বেরিয়ে এসেছে ! আমাদের রাণী ওদের কাজে সন্তুষ্ট !
তবে পৃথিবীর দুজনের মধ্যে একজন একদম নিখুঁত ওর দেহে কী প্রাণ নেই .....
আমাদের রাণী প্রথা মাফিক ভেবে দেখবেন পৃথিবীর প্রাণী দুটিকে নিয়ে কী করা যায় !
ভ্যালেরিয়ন কী হয়েছে ওর ?
চুপ কর !!
?!
সুরভিত জলের হ্রদের জন্য সময় খুব অল্প !
... গ্রোবোস রা তাদের গন্তব্যে যাবার জন্য অপেক্ষায় রয়েছে ...
আমাদের রাণী তার সিদ্ধান্ত নিয়েছেন অতিরিক্ত মানুষটির জীবনছেড়ে দিচ্ছেন !
একটি স্বচ্ছ পাত্রের মধ্যে ওকে রাখা হয়েছে আর ওর সাথীর সাথে ধীরে সুরভিত হ্রদের জলে তলিয়ে যাচ্ছে !
আমাদের রাণী বীর যোদ্ধাদের অভিনন্দন যানাচ্ছেন ! হ্রদের জলে গ্রোবোরা আস্তে আস্তে এগিয়ে আসছে তাদের ভার নেবার জন্য !

বিজয়! আমরা জয়ী!
আরও সুরা!
সুন্দরী এদিকে এসো!
কিন্তু!
চলো এখান থেকে!
কোথায় যাচ্ছো?
ফিরে এসো!!
এখুনি আসছি! এখুনি আসছি!
পালাও এখুনি!
উফ!
এই গ্রোবোরা কারা?
এটা আমাদের চুক্তিতে ছিল না!
ঠিক! আমি ধীরে ধীরে বুঝতে পারছি পয়েন্ট সেন্ট্রালে কিভাবে কাজ করতে হবে!
তাহলে ...
আহা! ওরা সেই বিরল প্রজাতি যারা আমাদের রীতিনীতির ধার ধারে না! বিশালাকৃতির অন্ধ জলজ প্রাণী! এইদিকে বিশেষ দ্যাখা যায় না! অভিকর্ষজ টানের সমস্যা আছে বলে পয়েন্ট সেন্ট্রালের অজানা অঞ্চলে ওরা থাকে!
ঠিক আছে সুফুস ধন্যবাদ! আমাকে এগিয়ে দিতে হবে না! যাবার পথ আমি নিজেই খুঁজে নেবো! এই গ্রাম্পি মিষ্টি গুলো খেয়ে তুমি তো বেশ ভালোই উত্তেজিত হয়েছ দেখছি!
তাহলে কর্নেল প্রোটোকল তুমি এখানে? আমি তো ভাবছিলাম এইসব নোংরা জায়গায় তোমার একদম যাতায়াত নেই!
এই রে ..... না মানে ...
জানি জানি ... পৃথিবী থকে এত দূরে একা একজন পুরুষ ..... তার ... রা রা রা .....
আরে এত রেগে যাবার কী আছে?
আমাদের কাজ আছে!

আমরা কোথায় যাচ্ছি ?
গ্রোবোদের ডেরায় !
গ্রোবো?
কিন্তু সে তো ভয়ানক বিপদ-
-জনক রাস্তা !
আমাদের দুতকে উদ্ধার করতে হলে আমাদের আরও জানতেই হবে ! উপায় নেই!
আর সামনে এগোন অসম্ভব ! আমরা ভিন্ন অঞ্চলে এসে গেছি ! মানুষদের জন্য এই অঞ্চল মারাত্মক হতে পারে !
যদি জুলরা যেতে পারে , আমরাও যেতে পারবো ...
ঐ তো ওখানে একদল জুল কাজ করছে ! চলো ওখানে যাই !

এদের তো কোন কিছুতেই উৎসাহ নেই! হেই! কোথায় গ্রোবোদের দেখা পাবো জানো?
ধুস.....ছেড়ে দাও ওরা উত্তর দেবে না!
এই যে পৃথিবীর প্রাণীরা!
ওহ! তোমরা? পয়সাকড়ি শেষ করে ফেলেছ?
তা বলতে পার! গ্রোবোদের সম্পর্কে জানতে চাও?
... নগদ ১০০০ খানা ইবেবে মুক্তো পেলে ওদের অসাধারন মনে কী ভাবনা চলছে জানাতে পারি তোমাদের!
কিভাবে তোমাদের মুক্তো তৈরি করে দে'ব?
তোমার ঐ অদ্ভুত প্রাণী পারবে! যদি ইচ্ছা করে তবে ও পুরনো যা তৈরি করেছে তা আবার তৈরি করতে পারে! অবশ্য প্রচুর শক্তিক্ষয় হবে!
মিহাঃ!
বেচারি! ছো ট্ট সোনা তুমি কী পারবে তৈরি করতে?
গ্রোবোরা অদ্ভুত চেহারার প্রাণী, অন্ধ আর আমরা যতদুর জানি ওরা বোবাও! ওদের সবকিছু সম্পর্কে খবরাখবর দেয় যুর একরকম জেলিফিশ! যুররাই ওদের পথপ্রদর্শক! যখন কোন জীবন্ত প্রাণীর মুখোমুখি হয় তখন ওরা টেলিপ্যাথির মাধ্যমে যোগাযোগ করে! যদি তোমরা চটপটে হও তবে কোন যুরকে ধরে খবর নিতে পার গ্রোবোদের ওখানে কী হচ্ছে! তবে সাবধান যুররা জলের বাইরে মাত্র কয়েক সেকেন্ড বেঁচে থাকতে পারে!
তা এই গ্রোবোদের কুঠুরিতে যা ব কিভাবে?
আচ্ছা ... যেহেতু তুমি আমাদের একজন বেশ ভালো খদ্দের! তাই আমি বলবো রক্ষিযুক্ত দরজার পরে যে সুড়ঙ্গ পাবে সেটা পেরলেই সবুজ খাঁড়ি পাবে .....


মুক্তগুলো নিয়ে ভেবো না আমরা ঠিক নিয়ে নে'ব ! আর ঐ জুলদের নিয়েও ভাবার দরকার নেই ! ওই হাঁদাগুলো কোনদিন পয়সাকড়ির মুল্য বুঝল না !
স্লিপ!
শুধুমাত্র ওরাই কী এখানে আছে ? গ্রাম্পি কী মনে হয় ?
উফফ !
ওরা একটা সবুজ খাঁড়ির কথা বলছিল না ?
আমার মনে হয় এইদিকে !
তুমি ডুবোজাহাজ চালাবে ! আর আমি কোন যুরকে ধরার চেষ্টা কর ব !
অ্যাঁ! ..... আচ্ছা ঠিক আছে!
৩৫A
দেখো! ঐ যে গ্রোবোরা !
আশেপাশে যুররাও আছে ! ভ্যালেরিওয়নের জন্য আমাকে এটা করতেই হবে ! তবে গ্রোবোরা কিছু বোঝার আগেই!
৩৫B



সাহায্য কর!
গা ঘিনঘিন করছে !
আমি জানি !
সশফ
সাহায্য কর !
যুর! আমাকে
দেখাও !
দেখাও !
এটা বদলাচ্ছে !
আমি কিছু দেখতে পাচ্ছি না !
এবারে পাচ্ছি দেখতে ...... গ্রোবোদের জাহাজ ...... !


আরেকটা জাহাজ ওদের কাছে .....
কাছাকাছি আসছে দুটো ...পাত্রগুলো!
এক জাহাজ থেকে অন্যটায় যাচ্ছে .....
ঐ তো ভ্যালেরিওয়ন ..... কিন্তু !
34A
আরে এটা তো ফেটে গে'ল ! তুমি ঠিক আছ!
না নেই
এইভাবে আমি কিছুতেই আমার ভ্যালেরিওয়নকে খুঁজে পা ব না!
আমাদের প্রিয় দূতকেও না !
ঠিক দূতকেও খুঁজে পাবো না ! কতক্ষন আগে আমরা কুঠুরি থেকে বেরিয়েছি ... আর এখন আবার সামনে আরেকটা জাহাজ !
আমি একটা জিনিস ঠিক বুঝছি! খিদে!
সবুজ খাঁড়ির কিছু কিনুক চলবে নাকি? টাটকা আর একদম সস্তা !
34B

তুমি কে ?
এই পয়েন্ট সেন্ট্রালে সবার জন্যই কিছু না কিছু ব্যবস্থা আছে! আর এই জায়গা তো মাছে ভর্তি! আর তুমি যখন নাচার হয়ে যাবে যা পাবে তাই করতে হবে !
তুমি এখানে একাই থাক ?
হ্যাঁ! অনেকদিন আগে জুয়াতে জাহাজটা গচ্চা দিয়েছি ! তার জন্য পত্রপাঠ বিদায় সৈন্যদল থেকে ! এখন এইখানে থাকি আর কোন রকমে দিন চালাই! আজ এই ক্লটোক ছাড়া আর কিছু নেই ! তাই ঝিনুক বেচছি!
তোমার ক্লটোকটা আমার চাই !
হেই!
আমিই তো কয়েকটা চাইছি !
আহা ! তুমি বুঝছো না ! এ যদিও বেজায় ক্লান্ত তবে সামান্য কিছু ক্লটোক ও তোমাকে দিতে পারে !
আমি সব ঝিনুকগুলো নেবো!
বাপরে ... এত ক্লটোক! আমি ঝিনুক ছাড়াওআরও কিছু ... তোমাদের দিচ্ছি ...
বলে যাও ! ..... ক্লটোক তো ঝরেই যাচ্ছে !
তোমরা কী কাউকে খুঁজছো ? তাহলে আমার সাথে গ্লার্ফ দের কাছে চলো ! ওরা স্বপ্ন দেখায় ! আমি ওদের কাছে মাঝেমাঝে ঝিনুক বেচি ! তবে অনেক দূরে !
তা তোমার এই গ্লার্ফরা কী করতে পারে আমাদের জন্য?
ও ওরা ওদের যন্ত্রের সাহায্যে তোমাকে তোমার পছন্দমত কারো মনের মধ্যে স্বপ্নের মাধ্যমে প্রবেশ করিয়ে দেবে ! অবশ্যই তার জন্য খরচ করতে পারে !
... একশোবার ! চলো যাওয়া যাক!
আর এই যে কর্ণেল প্রোটোকোল শুয়োরের মত আওয়াজ বন্ধ কর !!!
ঠিক আছে! ঠিক আছে!


সুন্দরী মহিলা ! তোমার নিশ্চই খরচ করার মত যথেষ্ট পরিমান ক্লুটোক আছে ? আমাদের কাজের একটা দাম আছে তো?
ইনি তোমাদের প্রতিভার কথা শুনে আগ্রহ প্রকাশ করেছেন !
শুনে খুশি হলাম ! তা একবার স্বপ্ন দেখার জন্য কি খরচ ?
হাজারের মতো হলেই হবে! বেশি কিছু নয় !
ও ও বাবা!
36A
স্বপ্ন দেখাতে তো খরচ হবেই ! তাছাড়া প্রযুক্তির উন্নতির জন্য বিনিয়োগ তো লাগেই ! তাছারা বিপনন , বিজ্ঞাপন তো আছেই ! আবার যন্ত্রের দাম তো রোজ কমছেই ! হে হে!
বাবা তোমরা তো ঝানু ব্যব সাদার দেখছি !
DING DILING
তুমি তোমার প্রাণীকেছেড়ে দাও ! ও ধীরে ধীরে নিজের কাজ করুক! আর তুমি এদিকে এ স .....
বিশ্বাস কর এখন এই ব্য বসারই বাজার ! আর আমরা এতে বাজারের সেরা হতে চাই ! কারন এখন বাজারে প্রতিদন্দ্বিতা বিরাট ! সবাই চাইছে সেরা হতে ! তুমি মনঃসংযোগ কর যার কাছে যেতে চাইছ তার কথা ভাব !
ভ্যালেরিওয়ন !
আমার প্রিয় ভ্যালেরিয়ন !
36B


এই আচ্ছাদনটা আমার একেবারেই পছন্দ নয়! আশাকরি এরা আমার ছো ট্ট যন্ত্রটা দেখতে পায় নি!
এইবারে দূতকে পাত্রের ভেতর থেকে বার করি ৫০ ঘণ্টা পেরিয়ে গেছে আর ভয় নেই!
মোটেই না! আমি একদম ঠিক আছি! আর তুমি নিজের মুখ সামলাও!
বেচারি বৃদ্ধ! এই বিপর্যয় আশাকরি সামলাতে পারবে!
আঃ... আউচ... কথা হচ্ছে আমরা এখন আছি কোথায়? একি? আমাকে এরকম কাঠ কাঠ লাগছে কেন?
ইয়ে... আমিও তা বোঝার চেষ্টা করছি! চারিদিক একদম ফাঁকা! কোন ইঞ্জিনের আওয়াজ নেই! এমনকি জাহাজের মধ্যে কোন জনপ্রাণী অব্দি নেই! কী হচ্ছে? কোথায় যাচ্ছি? কিছুই মাথায় ঢুকছে না!
আমি এইসব একদম বরদাস্ত করব না! তিনঘণ্টার মধ্যে পয়েন্ট সেন্ট্রালে গ্যালাকটিক কাউন্সিলের সভায় আমার সভাপতির ভাষণ দেবার কথা!
আর ১০,০০০ অস্ত্রবাহী যানের কথাছেড়েই দিলাম! আমার এক ইশারায় ওরা পয়েন্ট সেন্ট্রালকে ঘিরে ফেলবে!
কী বলছেন আপনি?
পৃথিবী বাসি! ঝগড়া বন্ধ কর! এইবার তোমরা ছায়ার পৃথিবীতে প্রবেশ করতে চলেছ! ভয় নেই! তোমাদের কোন ক্ষতি হবে না! এসো...
সাবধান!
আমাকে আদেশ ?! কিছুতেই বরদাস্ত করবো না...!

নামবিহীন পৃথিবীতে
তোমাদের স্বাগত !
তোমরা আমাদের অতিথি !
তোমাদের জন্য অপেক্ষায় ছিলাম ...

বাঃ সুন্দর! আমি গ্যালাক্সিটির সভাপতি ! আমাকে এইভাবে বন্দি করার অধিকার তোমাদের কে দিয়েছে ?
সময় ?? সময় মানে কী ...?
আসল কথা হচ্ছে সময় ! পয়েন্ট সেন্ট্রালের সামনে এক ভীষন বিপদ !
... না যানি কত লক্ষ বছর ধরে জীবন এখানে একইরকম ভাবে চলেছে ! শিশুরা জন্মায় ! বৃদ্ধরা মারা যাচ্ছে ! সবকিছুরই পরিবর্তন হচ্ছে আবার সবকিছু অপরিবর্তনিয় !
কে তোমরা ... এইভাবে কথা বলছ ?
আমরা কিছুই নই ... শুধুমাত্র ছায়া ! আমাদের গ্রহ সবার দৃষ্টির বাইরে লুকোনো আছে ! আমাদের জীবন অন্যদের ধরাছোঁয়ার অনেক বাইরে !
39A
আমরা চিরকাল এইরকম ছিলাম না ! আমাদেরও নাম ছিল আমাদেরও অহঙ্কার ছিল ! আমরাও অনেক যুদ্ধ করেছি ! তারপর থেকে ধীরে ধীরে আমরা বদলাতে শুরু করি !
আমাদের লোক গ্যালাকটিক কাউন্সিলের সভায় প্রথম সভাপতিত্ব করে ! আমরাই পয়েন্ট সেন্ট্রালে প্রথম কুঠুরি তৈরি করি ! যা এখনো আছে ! কিন্তু সবাই তার অস্তিত্ব ভুলে গেছে
অল্প অল্প করে আমরা বুঝতে শিখলাম এ সবই মায়া ! আর আমরা সবকিছু ত্যাগ করতে শুরু করলাম ! চিরকালের জন্য ! কিন্তু আমরা সবকিছু নজরে রাখি !
আমাদের থেকে কী চাও তোমরা ?
আমরা জানি এই পয়েন্ট সেন্ট্রালে আর এই মহাবিশ্বে সবকিছু পচে গেছে ! কিন্তু আজ অব্দি কোন শক্তি আইনের শাসন প্রতিষ্ঠা করতে উদ্যোগি হয় নি! এইরকম অবস্থা আমরা চলতে দিতে পারি না !
পৃথিবী তোমাদের মত ভবঘুরেদের কাছ থেকে আদেশ গ্রহন করে না ! সাবধান !
ভেবো না ! গ্যালাকটিক কাউন্সিলকে ব্ল্যাকমেল করার জন্য যে যুদ্ধজাহাজ নিয়ে এসেছ তার প্রত্যেকটার জন্য একটা করে কৃষ্ণগহ্বর পেছনে আছে জাগতিক যে কোনকিছুর ওপর আমরা প্রভুত্ব করতে পারি ! আমাদের ইচ্ছায় সব যানগুলি মুছে দিতে পারি ! কিন্তু আমরা প্রভুত্ব করতে চাই না আর কেউ তা করুক তাও চাই না !
39B

যাইহোক! আমাকে অনুসরণ কর! শিশুরা তোমাদের দুজনকে জ্ঞানদীপ্তির ঘরে নিয়ে ...... আশাকরি ঐ শিক্ষা তোমরা কখনও ভুলবে না!
তারপরে তোমরা মুক্ত হয়ে পয়েন্ট সেন্ট্রালে ফিরে যাও! সবাই তোমাদের অপেক্ষায় আছে! আর ফিরে যাওয়া অবশ্য এখানে আসার মত অত কষ্টকর হবে না!
... এ ...এতো পুরোপুরি মগজধোলাই!
এ'স আমরা তোমাদের সুন্দর মজার গল্প বল'ব !
40A
স্বপ্ন নষ্ট হয়ে গে ল ...
হ্যাঁ খুব আশর্যের ব্যাপার! সাধারণত এইরকম হয় না! তবে পয়সা ফেরতের ক্ষেত্রে...
আচ্ছা আচ্ছা! চলো আমাদের যেতে হবে!
ওহ না! আবার! আমিও এর মতো একদম বিভ্রান্ত!
জ্ঞা!
আমার ছো'ট্ট সোনা গ্রাম্পি! তোমার উপর দিয়ে খুব ধকল যাচ্ছে! দাঁড়াও আর বেশি না! আমি তোমার ব্যাবস্থা করছি!
তাহলে কর্নেল ডিওল! তুমি কী তাহলে দূতকে উদ্ধার করতে চাও? যদি চাও তবে চালাকি ছেড়ে মানচিত্র বের কর দেখি?
গ্রাম্নাগ্না...... গুররররর ...
40B

মনে হচ্ছে আমি বুঝতে পেরেছি কী ঘটনা ঘটেছে ! প্রথম ছায়ার কুঠুরিতে যেতে হবে ... এই যে এখানে ...
তুমি ওখানে যেতে চাও ? তোমার ব্যাপার আমি কোনওমতেই যাবো না !
তোমার ব্যাপার ! কিন্তু কর্নেল আমি তোমাকে সাবধান করে দিচ্ছি দূতকে সম্ভাষণের সময় প্রোটোকলের অভাব দেখা যেতে পারে !
হেই ! দাঁড়াও ! কী বলছ তুমি? দূত ? আমাদের দূত ওইরকম জায়গায় কী করতে যাবে ?
আরে ..... বল আমাকে .....
সময় নেই ! তার থেকে বরং তুমি আমাকে বল জুলরা সব দল বেঁধে কী করছে ?
আমি কিভাবে জানব ? আমি একসাথে এত জুল আগে কখনও দেখি নি !
যাকগে ! আমরা আপাতত এগোই ! আমি জানিকারো সাথে দেখা হবেই!
পয়েন্ট সেন্ট্রালের অজানা অঞ্চলে চলে এসেছি ! মানচিত্রের ফাঁকা জায়গা ...
ধ্বংসস্তূপে ভর্তি ! আর নিঃশ্বাস নিতেও সমস্যা হচ্ছে !
এই ! দাঁড়াও ! দেখো...! কুঠুরিতে যাবার দরজা !


আমি জানি এটাই সেই রাস্তা ! আর তাড়াতাড়ি করতে হবে !
এটা কী জায়গা...?
ছায়াদ্বীপ ! অবশেষে !
আমি জানতে চাইছি .....
জ্ঞানদীপ্তির ঘর !!!
তুমি কোনদিকে ছুটে যাচ্ছ? এই গ্রামে কেউ থাকে বলে মনে হচ্ছে না
ভ্যালে--রিয়ন!
মহামান্য দূত!

মহামান্য দূত ! পয়েন্ট সেন্ট্রালে স্বাগত জানাই ! আর পৃথিবীর বিজয়কেতন ওড়াবার জন্য অগ্রিম অভিনন্দন !
ধন্যবাদ কর্নেল ডিওল ধন্যবাদ! তবে তোমার ভাষন একটু পুরনো ধাঁচের হয়ে গেছে ! তুমি আমাকে অনুগ্রহ করে বড় পর্দার ঘরে নিয়ে যাবে ! সবাই ওখানে আমার অপেক্ষায় আছে !
আমি তোমার জন্য খুব দুশ্চিন্তায় ছিলাম!
কোন দরকার ছিল না ! যদিও অনেক বিপদ ছিল ! তবে তুমি তো তোমার ভ্যালেরিওয়নকে জান ! আমি ঐসব বিপদের তোয়াক্কা করি না !
ইয়ে... বন্ধুরা একটু তাড়াতাড়ি ! পৃথিবীর শান্তির বার্তা দেবার জন্য তর সইছে না !
আমি কী এমন বললাম যে তুমি এতো রেগে গেলে !
43A
আমরা এক বিরাট ভূমিকা নিতে যাচ্ছি ... এই নীতির পরিবর্তন পরে গ্যালাক্সিটিতে আমি জানিয়ে দেবো!
ডিওল আমাকে এই মহাকাশের পোশাকের বদলে সুন্দর উর্দি এনে দাও
এই তো আমারা বড় পর্দার ঘরে পৌছে গেছি! সবাই আমার অপেক্ষায় আছে! আমি কাউকে হতাশ করবো না !
ঠিক আছে ! বন্ধুরা ! আমাকে সাহায্য করার জন্য ধন্যবাদ ...
43B

আমি পেছনেই আছি! একফোঁটা দানাপানি পরে নি পেটে!
কী এমন ঘটনা--বহুল সময় কাটিয়েছ শুনি?
আমি খাবারদাবারের ব্য বস্থা দেখি!
শশশশশ..... এদিকে এসো খবর আছে!
... বিরাট খবর! ইয়ে ..... ৫০০ ইবেবে মুক্তো হলেই চলবে!
তুমি আবার! নাহ! আমার আর প্রয়োজন নেই! আর আমার ছো ট্ট সোনার অবস্থা খারাপ!
লজ্জার কথা! অবশ্য বেশ দেরিও হয়ে গেছে!
তাই! যদি দেরি হয়ে গিয়ে থাকে তাহলে তো ঐ খবরের কোন মুল্য নেই! এবার চুপচাপ খবরটা দাও দেখি!
একজন সিঙ্গুজ হয়ে বিনা পয়সায় খবর দে ব ?!! যাকগে! শোন জুলরা পয়েন্ট সেন্ট্রালকে পরিষ্কার করতে নেমেছে! সমস্ত কৌশলগত কুঠুরি এখন জুলদের কব্জায়!
বোকাগুলো কাউন্সিলের আসল ঐক্য স্থাপন করতে চলেছে! মুনাফাকারিদের রমরমা একদম শেষ!
শতাব্দির পর শতাব্দি ধরে এর প্রস্তুতি চালিয়ে আসছে ..... তোমাদের দূতের অসৎ ফন্দিফিকির ওতে ঘৃতাহুতি দিয়েছে! ... কিন্তু তুমি বল কী অসুবিধা ছিল? ভালোই তো... এই ... একি...

..... মনে হচ্ছে তোমাকে গ্রেপ্তার করা হল .....
সিন্ধুজদের অবজ্ঞা কর না ! এই বোবাহাবাগুলোর এক--জন চালাক চতুর মুখপাত্র দরকার হবে তাড়াতাড়ি !
আরে ! আপনি ? এত তাড়াতাড়ি চলে এলেন ?
আমার সুন্দর বক্তৃতা !... মাঝপথে থামিয়ে দিলা ! ... আমি তো শান্তির কথাই ...
... বলছিলাম ! আর আমাকে বহিষ্কার করে দেওয়া হল! শুধু তাই নয় কাউন্সিলের দৈত্যগুলো সিদ্ধান্ত নিয়েছে পৃথিবীকে ১০০ বছরের জন্য নির্বাসন করা হল! আর আমাদের কুঠরিকে নিশ্চিহ্ন
করে ফেলা হবে ১ ঘন্টার মধ্যে! এরা কি করে আমার সাথে এইরকম করতে পার ল ? আমি অন্ধকারের দূত ! কিন্তু আমি তো এখানে অশান্তি চাই নি ! শান্তি আর সমৃদ্ধির কথাই বলছিলাম !
আরে আরে ঠিক আছে ! কান্না থামান ! আপনি ভালো করেই জানেন স্বাধীনতা কাউকে দেওয়া যায় না অর্জন করতে হয় ! আর আপনার ক্ষমতার অহঙ্কার এর জন্য দায়ী ! চলুন অন্যদের সাথে কথা বলি !
মহামান্য দূত ! আমরা খুশি এবং গর্বিত যে আপনি .....
ছাড়োএইসব .....
আমিই এখানে এখন উদ্যোগ নিয়ে সব করব !
প্রত্যাবর্তন
এই মুহূর্তে!
কিন্তু ... কী হয়েছে ? আমি তো কিছু বুঝতেই পারছি না ?!
প্রিয় ভ্যালেরিওন ! এই অভিযানে তোমার ওপর দিয়ে অনেক ধকল গেছে ! এবার আমাকে সব সামলাতে দাও !
কর্নেল প্রোটোকল আমাকে বড় পর্দার ঘরে নিয়ে চলো ! যুদ্ধজাহাজগুলো এখনো অপেক্ষা করছে নির্দেশের জন্য ! ওদেরকে কিছু কাজে তো লাগাতে হবে ?
কিভাবে ?



টিনটিন দি গ্রেট ফিজিক্স এ হনারস বি এস সি এবং মাইনিং এ ডিপ্লোমা করেছেন। বই আর কমিক্স পড়তে ভীষণ ভালোবাসেন। মাঝে মাঝে অবসর পেলে ইংলিশ থেকে বাংলায় কমিক্স অনুবাদও করে থাকেন।